

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩৫৪৯

৪৫/ দু'আসমূহ (ﷺ) अढ/ দু'আসমূহ

পরিচ্ছেদঃ ১০২, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দু'আ

باب فِي دُعَاءِ النَّبِيِّ صلى الله عليه وسلم

আরবী

حَدَّتَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّتَنَا أَبُو النَّصْرِ، حَدَّثَنَا بَكْرُ بْنُ خُنَيْسٍ، عَنْ مُحَمَّدِ الْقُرْشِيّ، عَنْ رَبِيعَةَ بْنِ يَزِيدَ، عَنْ أَبِي إِدْرِيسَ الْخَوْلَانِيِّ، عَنْ بِلاَلٍ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " عَلَيْكُمْ بِقِيَامِ اللَّيْلِ فَإِنَّهُ دَأْبُ الصَّالِحِينَ قَبْلُكُمْ وَإِنَّ قِيَامَ اللَّيْلِ قُرْبَةٌ إِلَى اللَّهِ وَمَنْهَاةٌ عَنِ الإِثْمِ وَتَكْفِيرٌ لِلسَّيِّبَاتِ وَمَطْرَدَةٌ لِلدَّاءِ عَنِ الْجَسَدِ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ مِنْ حَديث بِلاَلٍ إِلاَّ مِنْ هَذَا الْوَجْهِ وَلاَ يَصِحُ مِنْ قِبَلِ إِسْنَادِهِ . عَديثٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ مِنْ حَديث بِلاَلٍ إِلاَّ مِنْ هَذَا الْوَجْهِ وَلاَ يَصِحُ مِنْ قِبَلِ إِسْنَادِهِ . قَالَ سَمِعْتُ مُحَمَّدُ بْنُ سَعِيدِ الشَّامِيُّ وَهُو اللَّيْلِ فَإِنَّ مَعْدِدِ الشَّامِيُّ وَهُو اللهُ عَلِيه وَهُو مُحَمَّدُ بْنُ حَدِيثَ مُعَاوِيةٌ بْنُ اللهُ عَلَى وَهُو مُحَمَّدُ بْنُ صَعِيدِ الشَّامِيُّ وَهُو مَاكَفَدِيثَ مُعَاوِيةٌ بْنُ الْمُ اللهِ عَلَيه وسلم أَنَّهُ قَالَ " عَلَيْكُمْ بِقِيَامِ اللَّيْلِ فَإِنَّهُ دَأْبُ الصَّالِحِينَ قَبْلَكُمْ وَهُو قُرْبَةٌ إِلَى رَبِيعَةَ بْنِ يَذِيدَ عَنْ أَبِي إِدْرِيسَ الْخُولُانِيِّ عَنْ أَبِي أَمَامَةَ عَنْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم أَنَّهُ قَالَ " عَلَيْكُمْ بِقِيَامِ اللَّيْلِ فَإِنَّهُ دَأْبُ الصَّالِحِينَ قَبْلَكُمْ وَهُو قُرْبَةٌ إِلَى رَبِّي مُ مِنْ مِلْالٍ . . قَالَ أَبُو عِيسَى وَهَذَا أَصَحَةً مِنْ حَدِيثٍ أَبِي

বাংলা

৩৫৪৯। বিলাল (রাঃ) হতে বর্ণিত আছে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তোমরা অবশ্যই রাতের ইবাদাত করবে। কেননা তা তোমাদের পূর্ববর্তী সৎকর্মপরায়ণ বান্দাদের নিত্য আচরণ ও প্রথা। রাতের ইবাদাত আল্লাহ তা'আলার সান্নিধ্য অর্জনের উপায়, পাপকর্মের প্রতিবন্ধক, গুনাহসমূহের কাফফারা এবং দেহের রোগ দূরকারী।

যঈফ, ইরওয়া (৪৫২), তা'লীকুর রাগীব (২/২১৬), মিশকাত (১২২৭)

আবূ ঈসা বলেনঃ এ হাদীসটি হাসান ও গারীব। কেননা এ হাদীস আমরা শুধু বিলাল (রাঃ) হতে উপরোক্ত সূত্রে



জেনেছি। সনদসূত্রের দিক হতে এটি সহীহ নয়। আমি মুহাম্মাদ ইবনু ইসমাঈল (আল-বুখারী)-কে বলতে শুনেছি, মুহাম্মাদ আল-কুরাশী হলেন মুহাম্মাদ ইবনু সাঈদ আশ-শামী। ইবনু আবূ কাইস হলেন মুহাম্মাদ ইবনু হাসসান এবং তার হাদীস বাদ দেয়া হয়েছে। মুআবিয়া ইবনু সালিহ (রাহঃ) এ হাদীস রবীআ ইবনু ইয়াযীদ হতে তিনি আবূ ইদরীস আল-খাওলানী হতে তিনি আবূ উমামা (রাঃ) হতে তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেছেন। তিনি বলেছেনঃ "তোমরা অবশ্যই রাতের ইবাদাত করবে। কেননা উহা তোমাদের পূর্ববর্তী সৎকর্মপরায়নগণের অভ্যাস, আল্লাহর সান্নিধ্য অর্জনের উপায়, গুনাহসমূহের কাফফারা এবং পাপ কর্মের প্রতিবন্ধক" আবু ঈসা বলেন, এই বর্ণনাটি ইদরীসের সূত্রে বিলালের বর্ণনা হতে অধিকতর সহীহ।

হাসান, ইরওয়া (৪৫২), তা'লীকুর রাগীব (২/২১৬), মিশকাত (১২২৭)

English

That was narrated to us by Al-Qasim bin Dinar Al-Kufi (who said): "Ishaq bin Mansur narrated to us, from Isra'il" with this (Another chain) Bilal narrated that the Messenger of Allah () said: "Hold fast to Qiyam al-Lail, for it is the practice of the righteous before you, and indeed Qiyam al-Lail is a means of nearness to Allah, a means of prevention from sin, an expiation for bad deeds, and a barrier for the body against disease."

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ বিলাল (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন